[redacted]

[redacted]

সম্ভব হয়নি।

সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এরশাদ আলীর সাথে কথা বললে তিনি বলেন, এ বিষয়ে তিনি কিছুই জানেন না।

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ডিসি ফুড) আসমা উল হোসনা এইসব অনিয়মের কথা শুনে বিস্ময় প্রকাশ করেন। তিনি বলেন, আমি এখানে নতুন যোগদান করেছি তাই সকল অভিযোগ খতিয়ে দেখবো। একটি তদন্ত কমিটির মাধ্যমে তদন্ত করবো এবং কমিটির রিপোর্ট অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করবো।

(আগামী পর্বে পড়ুন গাংনী ও আমঝুপি এলএসডিদের নিয়ে সংবাদ।)

কুষ্টিয়ায় যাত্রীবাহী ট্রেনে এলএসডি ও জুয়েলারি উদ্ধার

কুষ্টিয়া কোর্ট রেলস্টেশনে যাত্রীবাহী ট্রেনে তল্লাশি চালিয়ে ৪ কোটি ১৮ লাখ টাকার মাদকদ্রব্য লাইসার্জিক অ্যাসিড ডাইইথ্যালামাইড (এলএসডি) ও ভারতীয় সিটি গোল্ড জুয়েলারি উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-৪৭।

বিজিবি-৪৭ এর পক্ষ থেকে বুধবার এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।

মঙ্গলবার (১৫ এপ্রিল) বিকেল ৪টা ২০ মিনিটে কুষ্টিয়া শহরের কোর্ট রেলস্টেশনে পৌঁছালে ঢাকাগামী বেনাপোল এক্সপ্রেস ট্রেনে তল্লাশি চালায় বিজিবির একটি বিশেষ টহল দল। এতে উদ্ধার হয় ৫০ এমএল পরিমাপের ৮ বোতল ভারতীয় এলএসডি এবং ৯৪৮ পিস সিটি গোল্ডের গহনা। উদ্ধারকৃত মালামালের আনুমানিক বাজারমূল্য ৪ কোটি ১৮ লাখ ১০ হাজার ১০০ টাকা।

বিজিবি-৪৭ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান জানান, বেনাপোল থেকে ঢাকাগামী ট্রেনে মাদক ও জুয়েলারির একটি বড় চালান যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে টহল দল কোর্ট

স্টেশনে অবস্থান নেয় এবং ট্রেনটি পৌঁছালে তল্লাশি চালিয়ে এসব সামগ্রী উদ্ধার করা হয়।

তিনি আরও জানান, এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।